

“শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্খাদা ও নৈতিকতা”



ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭১-৭২, ইন্টারন্যাশনাল গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
www.wewb.gov.bd

প্রবাসী কর্মীদের সাময়িক অবস্থানের জন্য (হোটেল/ডরমেটরী) বঙ্গবন্ধু ওয়েজ আর্নাস সেন্টার (BWEC)

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে বিদেশগামী ও প্রবাস ফেরত কর্মীদের সাময়িক আবাসন সুবিধাসহ বিভিন্ন সেবা প্রদানের জন্য ঢাকাস্থ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের সন্নিহিত নিরাপদ ও মনোরম পরিবেশে “বঙ্গবন্ধু ওয়েজ আর্নাস সেন্টার” (BWEC) স্থাপন করা হয়েছে। এ সেন্টারের মাধ্যমে প্রবাসী কর্মীগণ ন্যূনতম খরচে বিদেশে যাওয়ার সময় অথবা বিদেশ হতে দেশে ফেরার সময়ে সাময়িকভাবে অবস্থান করতে পারবেন। এই অবস্থানকালে তাঁদের জন্য সাশ্রয়ী মূল্যে খাবারের ব্যবস্থা আছে। এছাড়াও এখানে প্রবাসী কর্মীদের রিইন্টিগ্রেশন (পুনঃএকত্রীকরণ) এবং অন্যান্য সুযোগ-সুবিধা বা করণীয় সম্পর্কে ব্রিফিং প্রদান করা হবে। যার ফলে বঙ্গবন্ধু ওয়েজ আর্নাস সেন্টারটি প্রবাসী কর্মীদের একত্রিত হওয়ার এবং পারস্পরিক অভিজ্ঞতা বিনিময়ের জন্য একটি উপযুক্ত স্থান হবে যা দেশে এই প্রথম।

প্রদত্ত সেবাসমূহ:

- ◆ বিদেশগামী ও ফেরত প্রবাসী কর্মীগণ ১০০/- টাকা ফি প্রদানপূর্বক সরাসরি/অনলাইনে আবেদন করতে পারবেন;
- ◆ ০১ (এক) জন কর্মী ০৯টি সীটের জন্য আবেদন করতে পারবেন;
- ◆ প্রতি রাতের জন্য প্রতি সীট ভাড়া ২০০/- (দুইশত) টাকা;
- ◆ প্রতিবার সর্বোচ্চ ০২ রাত অবস্থান করতে পারবেন;
- ◆ অবস্থানের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজ-পত্রাদি থাকতে হবে (পাসপোর্ট ও এয়ার টিকেট কপি, বহির্গমন ছাড়পত্র/মেশ্বারশীপ সনদের কপিসহ সংশ্লিষ্ট কাগজ-পত্রাদি);
- ◆ সেন্টার হতে বিমানবন্দরে যাতায়াতের জন্য পরিবহন সুবিধা;
- ◆ সেফ লকারে লাগেজসহ মূল্যবান মালামাল সংরক্ষণের ব্যবস্থা;
- ◆ টেলিফোন সুবিধা প্রদান;
- ◆ ইন্টারনেট/wifi এর ব্যবস্থা;
- ◆ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ;
- ◆ বিদেশগামী কর্মীদের বিমানবন্দর, গন্তব্য দেশ এবং বোর্ড প্রদত্ত সেবাসমূহ সম্পর্কে প্রাক-বহির্গমন ব্রিফিং;
- ◆ বিদেশ ফেরত কর্মীদের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে রিইন্টিগ্রেশন (পুনঃএকত্রীকরণ),
- ◆ কাউন্সিলিং ও মোটিভেশনের ব্যবস্থা;
- ◆ প্রাথমিক চিকিৎসাসহ প্রয়োজনে হাসপাতালে ভর্তির ব্যবস্থা;
- ◆ সাশ্রয়ী মূল্যে খাবারের ব্যবস্থা;
- ◆ পুরুষ ও নারী কর্মীর জন্য পৃথক থাকা ও নামাজের ব্যবস্থা;
- ◆ সুস্থ বিনোদনের ব্যবস্থা;
- ◆ সিসি ক্যামেরার মাধ্যমে সার্বক্ষণিক মনিটরিং ও নিরাপত্তা সুবিধা;
- ◆ সেন্টার ব্যবহার নির্দেশিকা বোর্ডের www.wewb.gov.bd এ পাওয়া যাবে;
- ◆ সরাসরি সেন্টারে যোগাযোগের নম্বর- ০১৩১০৩৫০৫৫৫, ০১৭৫৪৭১৫৭২০

“সেবার মাধ্যমে এগিয়ে যাওয়াই প্রকৃত কল্যাণ”

এছাড়াও প্রবাসী কল্যাণ ডেস্ক ও প্রবাসবন্ধু কল সেন্টার (টোল ফ্রি ০৮০০০১০২০৩০), দেশে ০১৭৮৪৩৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩৩, বিদেশ থেকে ০৯৬১০১০২০৩০ এর মাধ্যমে সেন্টার ও বোর্ডের সেবা কার্যক্রম সম্পর্কিত যাবতীয় তথ্য জানা যাবে।

বঙ্গবন্ধু ওয়েজ আর্নাস সেন্টার, লঞ্জনিপাড়া, বরুয়া, ওয়ার্ড-৪৮, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, থানা-খিলক্ষেত, ঢাকা-১২২৯।